

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭৯২ ২৯/ দু'আ ও যিকর পরিচ্ছেদঃ ঝাড়ফুঁক ও তাবীয় সংক্রান্ত হাদীস

## আরবী

عَنْ عِيسَى بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى قَالَ دَخَلْتُ عَلَى عَبْدِ اللهِ بْنِ عُكَيْمٍ أَبِي مَعْبَدِ اللهِ بْنِ عُكَيْمٍ أَبِي اللّهُ عَلَيْهِ وَسَلّمَ مَنْ تَعَلَّقَ شَيْئًا وُكِلَ إِلَيْهِ صَلّى اللهُ عَلَيْهِ وَسَلّمَ مَنْ تَعَلَّقَ شَيْئًا وُكِلَ إِلَيْهِ

## বাংলা

(৩৭৯২) ঈসা বিন আব্দুর রহমান তাবেঈ বলেন, আমি সাহাবী আবূ মা'বাদ জুহানীর নিকট গেলাম। তখন তাঁর মুখমণ্ডল ও দেহে ফুলে ওঠা লাল লাল (একটা রোগ) হয়েছিল। আমি বললাম, 'আপনি কোন তাবীয বাঁধেন না কেন?' তিনি বললেন, 'নাউযু বিল্লাহি মিন যালিক (তার থেকে আল্লাহর পানাহ)! মৃত্যু তার চেয়ে বেশি নিকটবর্তী। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি যা লটকাবে (বা দেহে ধারণ করবে), তাকে তার দিকেই সঁপে দেওয়া হবে।

## ফুটনোট

(তিরমিযী ২০৭২, হাকেম ৭৫০৩, আহমাদ ১৮৭৮১, সহীহ তারগীব ৩৪৫৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন